# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 05 May, 2025

ময়মনসিংহে সেপটিক ট্যাংকে নেমে এক নির্মাণশ্রমিক প্রাণ হারিয়েছেন। মহানগরীর শম্ভুগঞ্জ নলুয়াপাড়া এলাকায় গতকাল রোববার সন্ধ্যায় একটি নির্মাণাধীন ভবনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত শ্রমিকের নাম মামুন মিয়া (১৯)।তিনি সদর উপজেলার আলালপুর নামাপাড়ার কাছু মিয়ার ছেলে।

পুলিশ ও স্থানীয় বাসিন্দাদের সূত্রে জানা গেছে, মামুন অন্য শ্রমিকদের সঙ্গে বেশ কয়েক দিন ধরে ওই ভবনে নির্মাণকাজ করছিলেন।গতকাল তিনি নবনির্মিত সেপটিক ট্যাংক থেকে কাঠ তুলতে নামেন।ট্যাংকে নামার কিছুক্ষণ পর তাঁর কোনো সাড়াশব্দ না পেয়ে সহকর্মীরা উঁকি দিয়ে দেখেন, তিনি ভেতরে পড়ে আছেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে ফায়ার সার্ভিসকে বিষয়টি জানায়। ফায়ার সার্ভিসের কর্মীরা এসে মামুনকে মৃত অবস্থায় উদ্ধার করে পুলিশের কাছে হস্তান্তর করেন।

জেলা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার জুলহাস উদ্দিন বলেন, ‘পুলিশের কাছে খবর পেয়ে ঘটনাস্থলে যাই।সেখানে গিয়ে সেপটিক ট্যাংকের ভেতর থেকে মৃত অবস্থায় মামুন মিয়াকে উদ্ধার করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

এ বিষয়ে কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল ইসলাম জানান, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়।এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

সেপটিক ট্যাংক শ্রমিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:21

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/4014551925